

কমপিউটেক্সে এনভিডিয়া জিটিএক্স৯৮০টিআই গ্রাফিক্স কার্ড

সোহেল রানা


তাইওয়ানের রাজধানী তাইপেতে গত ২ থেকে ৬ জুন অনুষ্ঠিত হয় প্রযুক্তিবিশ্বের অন্যতম বৃহৎ মেলা কমপিউটেক্স। এবারের আয়োজনে এসেছে এনভিডিয়ার অত্যাধুনিক জিটিএক্স৯৮০টিআই গ্রাফিক্স কার্ড।

হাই-এন্ড সব গ্রাফিক্স কার্ডের নির্মাতা হিসেবে এনভিডিয়ার সুনাম নিয়ে প্রশ্ন তোলার অবকাশ নেই। ম্যাক্সওয়েল-২-এ ডিজাইন করা তাদের জিটিএক্স টাইটান এক্সকে তো এখন পর্যন্ত সবচেয়ে শক্তিশালী গ্রাফিক্স কার্ডের স্বীকৃতি দেয়া হয়েছে। কিন্তু এক হাজার ডলারের বেশি দামের কারণে বাজারে তেমন একটা সাফল্য পায়নি টাইটান এক্স। সেই দিকটি মাথায় রেখেই এনভিডিয়া এবারের কমপিউটেক্সে প্রদর্শন করেছে জিটিএক্স৯৮০টিআই মডেলের গ্রাফিক্স কার্ড। পারফরম্যান্সের দিক দিয়ে এটি টাইটান এক্স কার্ডের সাথে পাল্লা দিতে সক্ষম হলেও এর দাম রাখা হয়েছে সাড়ে ৬০০ ডলার। এই কার্ডের মূলে রয়েছে জিএম২০০এস গ্রাফিক্স প্রসেসিং ইউনিট (জিপিইউ)। এতে রয়েছে ২৮১৬ কুডা কোর ও ৬ গিগাবাইট ভি র্যাম। অন্যান্য ফিচার টাইটান এক্স কার্ডের মতোই। এসব ফিচারের মধ্যে রয়েছে ৯৬ আরওপি, ১০০০ মেগাহার্টজ কোর ক্লক, ১০৭৫ মেগাহার্টজ পর্যন্ত বুস্ট ক্লক, ৭ গিগাবাইট ডিডিআর৫ মেমরি, ৩৮৪ বিট মেমরি বাস, ২৫০ ওয়াট থার্মাল ডিজাইন পাওয়ার। মাইক্রোসফট ডিরেক্টএক্স ১২ সমর্থন করার সাথে সাথে এই কার্ডটি ফোর-কে

রেজুলেশনও সমর্থন করে।

ফলে এই সময়ের অন্যতম সেরা একটি গ্রাফিক্স কার্ড হিসেবেই জায়গা দখল করে নিতে সমর্থ এনভিডিয়ার জিটিএক্স৯৮০টিআই।

এনভিডিয়া তাদের ম্যাক্সওয়েল প্রযুক্তির গ্রাফিক্স কার্ড উন্মোচন করে গত বছরের শেষে। আর্কিটেকচারটি এনভিডিয়াকে শুধু শক্ত একটি অবস্থানেই বসায়নি, সেই সাথে এনভিডিয়ার পরবর্তী প্রজন্মের কার্ডগুলো কেমন হতে পারে, তারও একটি প্রতিচ্ছবি অঙ্কন করেছে। এনভিডিয়া তাদের ম্যাক্সওয়েল প্রযুক্তিনির্ভর নতুন প্রজন্মের কার্ড প্রথম বের করে ২০১৪ সালের সেপ্টেম্বরে, যা জিটিএক্স৯৮০ ও জিটিএক্স৯৭০ নামে পরিচিত। এর মূল লক্ষ হচ্ছে বর্তমান বাজারে থাকা গেমগুলোর পাশাপাশি ভবিষ্যতের গেমগুলোকেও যাতে পরিপূর্ণভাবে উপভোগ করা যায় তা নিশ্চিত করা। এনভিডিয়া গ্রাফিক্স কার্ডের মার্কেট পলিসি



লক্ষ করলে দেখা যায় জিটিএক্স৭০ ও জিটিএক্স৮০ কার্ড দুটি তৈরি করা হয় হার্ডকোর গেমারদের কথা চিন্তা করে। অন্যদিকে জিটিএক্স৫০ সাধারণ গেমারদের জন্য। এর মাঝে জিটিএক্স৬০-কে বর্তমানে তারা বাজেট কার্ড হিসেবে বাজারে আনছে, যা অনেক হার্ডকোর গেমারও লুফে নিচ্ছেন। নতুন বছরে ভক্তরা তাই অধীর আগ্রহে অপেক্ষা করছিলেন জিটিএক্স৯৬০ রিলিজের জন্য। অবশেষে অপেক্ষার অবসান ঘটিয়ে এনভিডিয়া গত ২২ জানুয়ারি বাজারে নিয়ে

অতীতের যেকোনো কার্ডের তুলনায় অনেক সহজ করে দেবে।

৯০০ সিরিজের অন্য কার্ডগুলোর মতো এর জিপিউ আর্কিটেকচারও একই রাখা হয়েছে। যদিও লক্ষ করলে দেখা যাবে, অন্য জিটিএক্স৬০ কার্ডগুলো থেকে এর মেমরি ইন্টারফেস কম। শুধু ১২৮ বিট হলেও ম্যাক্সওয়েল দ্বিতীয় প্রজন্মের এই কার্ডটি ম্যাক্সওয়েল প্রথম প্রজন্মের এক্স৬০

কার্ডের পারফরম্যান্স থেকে অনেক ভালো। শুধু তাই নয়, পাওয়ার লাগে অনেক কম। তবে যারা জিটিএক্স৭৬০ কার্ডটি ব্যবহার করছেন, তাদের জন্য এই কার্ডটি না কিনলেও চলে। কারণ,

এক্স৬০ সিরিজের মধ্যে জিটিএক্স৭৬০ ও জিটিএক্স৯৬০-এর

মধ্যে যে পার্থক্য লক্ষ করা যাচ্ছে, তা নতুন কার্ডে আপগ্রেডের মতো এতটা গুরুতর নয়। কিন্তু যারা জিটিএক্স৮৬০, জিটিএক্স৫৬০, জিটিএক্স৬৬০ কার্ডগুলো ব্যবহার করছেন তাদের জন্য এটি হবে যথার্থ একটি আপগ্রেড। এই কার্ডটিতে আগের গ্রাফিক্স কার্ডগুলোর হাই-এন্ড সব গ্রাফিক্যাল প্রযুক্তিই আছে, যার মধ্যে অন্যতম হচ্ছে ভক্সেল গ্লোবাল ইলুমিনেশন, মাল্টি ফ্রেম অ্যান্টি এলিয়াসিং, ডায়নামিক সুপার রেজুলেশনের মতো সব প্রযুক্তি।

ফিডব্যাক : sohel_sr@yahoo.com



আসে মধ্য বাজেটের ম্যাক্সওয়েল প্রযুক্তির নতুন প্রজন্মের কার্ড জিটিএক্স৯৬০। দাম ছিল মাত্র ২০০ ডলার। এছাড়া কার্ডটিকে এনভিডিয়া এমনভাবে ডিজাইন করেছে যে ব্যবহারকারী এর আগের যেকোনো কার্ড থেকে অনেক বেশিমাাত্রায় ওভারক্লক করতে পারবেন। কার্ডটির জন্য তারা দিতে যাচ্ছে নতুন গ্রাফিক্স ড্রাইভার এবং তাতে থাকবে জিফোর্স এক্সপেরিয়েন্সের নতুন ভার্সন, যা কার্ডের কিছু ম্যাক্সওয়েল ফিচার এনাল করে